**লালপুর উপজেলায় শ্রী শ্রী কালী মাতা পূজা ২০২৩ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত**
**প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর। |
| তারিখ | : | ০৯ নভেম্বর ২০২৩, সময় :. সকাল ১০:০০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ অডিটরিয়াম, লালপুর, নাটোর। |
| উপস্থিত সদস্য | : | স্বাক্ষরের ক্রমানুসারে ২৮ জন। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। প্রতি বছরের ন্যায় এবারও লালপুর উপজেলায় আগামী ১২ নভেম্বর ২০২৩ হতে শ্রী শ্রী কালী মাতা পূজা অনুষ্ঠিত হবে। শ্রী শ্রী কালী পূজা সুষ্ঠু ও সুন্দর ভাবে সামাজিক সম্প্রীতি বজায় রেখে উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। এ বছর লালপুর উপজেলায় মোট ১৫ টি মন্ডপে শ্রী শ্রী কালী মাতা পূজা অনুষ্ঠিত হবে। অতঃপর সভাপতি সভায় উপস্থিত জনাব দ্বিপেন্দ্র নাথ সাহা, সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, লালপুর, নাটোরসহ অন্যান্যদের মতামত ব্যক্ত করার আহবান জানান।

সভায় উপস্থিত জনাব দ্বিপেন্দ্র নাথ সাহা, সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, লালপুর, নাটোর জানান যে, লালপুর উপজেলায় এবার মোট ১৫টি পূজা মন্ডপ শ্রী শ্রী কালীমাতা পূজা অনুষ্ঠিত হবে। অতঃপর তিনি বলেন যে, 'ধর্ম যার যার, উৎসব সবার'। এছাড়াও তিনি আসন্ন শ্রী শ্রী কালী মাতা পূজা-২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানে প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভায় উপস্থিত অফিসার ইনচার্জ (তদন্ত), জনাব বেনজির আহমেদ, লালপুর থানা, লালপুর, নাটোর বলেন যে, প্রতিবছরের ন্যায় এবারও শ্রী শ্রী কালীমাতা পূজা ২০২৩ ভাল ভাবে অনুষ্ঠিত হবে। তিনি আরোও বলেন এ বছর পুলিশ সুপারের কার্যালয় হতে ১০ জন পুলিশ সদস্য পাওয়া যাবে যারা বুধপাড়া শ্রী শ্রী কালীমাতার মূল মন্ডপে দায়িত্ব পালন করবেন। তিনি সকল পূজা মন্ডপে স্বেচ্ছাসেবক টিম গঠনের পরামর্শ দেন। তিনি স্বেচ্ছাসেবক সদস্যগণের সঠিকভাবে দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিতকরার জন্য ৩ সদস্য বিশিষ্ট মনিটরিং টিম গঠনেরও পরামর্শ দেন।

জনাব শতদল পাল, সভাপতি, শ্রী শ্রী কালীমাতা মন্দির, বুধপাড়া, লালপুর, নাটোর বলেন যে, সকলের সহযোগিতায় সৌহাদ্যপূর্ণ পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে পূজা অনুষ্ঠান সম্পন্ন হবে। তিনি আরো বলেন প্রয়োজনে মেলায় সন্ধ্যার পরে শুধু মিষ্টির দোকান এবং শাখা সিদুঁর এর দোকান থাকবে। তবে কোন পুতুল নাচ হবে না।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর শ্রী শ্রী কালী মাতা পূজা সুষ্ঠু, সুশৃংখল ও উৎসব মুখর হয় এজন্য সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।

এছাড়াও সভায় উপস্থিত ডেপুটি জেনারেল ম্যানেজার, নাপবিস-২, লালপুর, নাটোর, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাসহ আগত উপজেলার বিভিন্ন পূজা মন্ডপের সভাপতি ও সম্পাদকগণ তাদের মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে আসন্ন শ্রী শ্রী কালী মাতা পূজা ২০২৩ সুষ্ঠু ও উৎসব মুখর পরিবেশ উদযাপনের লক্ষ্যে সকলের সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**যে সকল মন্ডপে শ্রী শ্রী কালী মাতা পূজা অনুষ্ঠিত হবে তার তালিকা নিম্নরূপঃ**

| ক্রমিক | ইউনিয়নের /পৌরসভার নাম | ২০২৩ সালে অনুষ্ঠিতব্য কালী মাতা পূজা মন্ডপের সংখ্যা | ২০২৩ সালে অনুষ্ঠিতব্য মন্ডপের নাম | সভাপতির নাম ও মোবাইল নং | সম্পাদকের নাম ও মোবাইল নম্বর | দিনের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১. | গোপালপুর পৌরসভা | ০৩ তিন) টি | চকনাজিরপুর কালী মন্দির | বিদ্যুৎ কুমার সরকার ০১৭২০-৩৩১৪৬৭ | পরিমল কুমার সরকার ০১৭২৫-৬৩৩৯১৭ | ০৩ দিন |
| | | | শ্রীশ্রী লক্ষী নারায়ন কেন্দ্রীয় মন্দির | উমা চৌধুরী জলি ০১৭৩১-৯৭৫১২২ | মানিক বিশ্বাস ০১৭১০-৭২৬৩০৫ | ০১ দিন |
| | | | নর্থ বেঙ্গল সুগার মিলস শ্রীশ্রী দুর্গা মাতৃ মন্দির | সুবোধ কুমার পাঠক ০১৭১১-৪১৫৫১১ | সুব্রত দাস ০১৭১৩-৭৪৭৮৮২ | ০১ দিন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | লালপুর ইউপি | ০১(এক) টি | শ্রী শ্রী কালী মাতা মন্দির, বুধপাড়া, লালপুর | শতদল পাল ০১৭১২-৪৩৮৫৬১ | আনন্দ কুমার সাহা ০১৭২৮-৬৬০৮৯০ | ০৯ দিন |
| ৩. | ঈশ্বরদী | ০১ (এক) টি | শ্রী শ্রী দুর্গা মন্দির, পালিদেহা | প্রেমানন্দ হালদার ০১৭৫৭-০১৯২৫৯ | সুমন কুমার হালদার ০১৭৮০-৮৮৫৮৭৭ | ০৫ দিন |
| ৪. | চংধুপইল | ০৩ (তিন) টি | শ্রী শ্রী শ্যামা মন্দির, ঘোষপাড়া | শৈলেন কুমার ঘোষ ০১৭১৫-৬৩৭৬৪৮ | সুব্রত কুমার ঘোষ ০১৭৩১-৯৩২৩২০ | ০৩ দিন |
| | | | চংধুপইল বাজার বারোয়ারি কালী মন্দির | প্রদ্যুৎ কুমার সাহা ০১৭২৫-৯৩০২৮২ | বিপ্লব দাস ০১৭২৩-১৪৩৬১৩ | ০৩ দিন |
| | | | তারাপুর কালী মন্দির, চংধুপইল | নব কুমার হালদার ০১৭২৫-৯৩০২৬১ | বিনোদ কুমার হালদার ০১৭১৩-০৯৯৩৩০ | ০৩ দিন |
| ৫. | আড়বাব | ০২ (দুই) টি | সালামপুর কেন্দ্রীয় কালী মাতার মন্দির | নব কুমার কর্মকার ০১৭২৮-৩২১৯৮৩ | ভবেন্দ্র নাথ বিশ্বাস ০১৭২০-৬৬৮০১০ | ০৩ দিন |
| | | | হাশেমপুর সর্বজনিন শ্রী শ্রী দুর্গা মন্দির | নিরেন্দ্র নাথ মন্ডল ০১৭৩৯-৮৫২৬২৭ | ভুপেন চন্দ্র পাল ০১৭২১-৪৬৩০২০ | ০৩ দিন |
| ৬. | বিলমাড়ীয়া | ০২ (দুই) টি | শতাব্দী প্রাচীন শ্রীশ্রী দুর্গা মন্দির | পরিতোষ কুমার ঘোষ ০১৭১২-০১১২৭১ | দুলাল কুমার ঘোষ ০১৭২১-২২০৬২৫ | ০৩ দিন |
| | | | মোহরকয়া শ্রী শ্রী কালী মাতার মন্দির | শ্যামল কুমার চৌধুরী ০১৭১১-৭৩৬৬৯৯ | দ্বিপক কুমার সরকার ০১৭১৬-০৩৪১৪৪ | ০৩ দিন |
| ৭. | ওয়ালিয়া | ০৩ (তিন) টি | ওয়ালিয়া সার্বজনিন দুর্গা মন্দির | বাবু বুদ্ধেশ্বর পাল ০১৭২৭-৯৫৬০৩১ | পঙ্কজ কুন্ডু ০১৭৪৭-৬০৭৯৮৯ | ০৩ দিন |
| | | | ধুপইল সার্বজনিন শ্রী শ্রী দুর্গা মাতা মন্দির | কমল কান্তি কুন্ডু ০১৭১৭-৩৩১৩৬০ | বিমান কুমার কুন্ডু ০১৭৭৩-৫৭২৮১৪ | ০১ দিন |
| | | | ধুপইল হালদারপাড়া শিব ও দুর্গা মন্দির | সাধন চন্দ্র হালদার ০১৭১৬-০৯৯৫১৪ | কার্তিক চন্দ্র হালদার ০১৭২৫-৬৩৩৯১৭ | ০৩ দিন |
| | মোট | ১৫(পনের) টি | | | | |

সভায় শ্রী শ্রী কালী মাতা পূজা ২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনের লক্ষ্যে বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.ন. | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | সকল মন্ডপে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ২. | সকল মন্ডপে স্বেচ্ছাসেবক সদস্য নিয়োগ দিয়ে তাদের নামের তালিকা আগামী ০২ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর বরাবর দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ৩. | সন্ধ্যার মধ্যে মেলার দোকান বন্ধ করতে হবে | |
| ৪. | সন্ধ্যার পূর্বেই প্রতিমা বিসর্জনের কাজ শেষ করতে হবে | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ৫. | আযান ও নামাজের সময় বাদ্যযন্ত্র ও মাইকের শব্দ নিয়ন্ত্রণে রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোন এলাকায় মন্ডপের পাশাপাশি মসজিদ থাকলে ইমাম ও মুয়াজ্জিনের সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি<br>সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ৬. | মন্দির প্রাঙ্গনে প্রবেশ ও বাহির পথ পুরুষ ও মহিলাদের জন্য পৃথক ও নির্দিষ্ট থাকতে হবে | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ৭. | প্রতিটি পুজামন্ডপের আশে পাশে ও প্রবেশ পথে বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রতিটি পুজা মন্ডপে বিদ্যুতের বিকল্প হিসেবে জেনারেটর/ চার্জার/হ্যাজাক লাইট/ আই.পি.এস এর ব্যবস্থা রাখতে হবে (সাধ্যমত)। | সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |
| ৮. | মাদকদ্রব্যের ব্যবহার যাতে না হয় সে বিষয়ে কঠোর ব্যবস্থা এবং মাদকসেবী ও সরবরাহকারীদের চিহ্নিত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে অফিসার | অফিসার ইনচার্জ, লালপুর থানা/সংশ্লিষ্ট মন্ডপ কমিটি |

| | | |
|---|---|---|
| | ইনচার্জ, লালপুর, থানাকে অনুরোধ করা হলো। | |
| ৯. | পূজা মন্ডপে নিরবছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পবিস-২, লালপুর জোনাল অফিসকে অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, নাপবিস-২, লালপুর |
| ১০. | পূজা মন্ডপ বা রাস্তা-ঘাটে কোন প্রকার আতশবাজী বা ইভটিজিং এর মত ঘটনা না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর |
| ১১. | লাইসেন্স বিহীন মোটরসাইকেল চলাচল ও ২ এর অধিক সংখ্যক লোকের মোটরসাইকেল আরোহন নিয়ন্ত্রণ করতে হবে। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর |
| ১২. | পূজা মন্ডপসমূহের দর্শনার্থীদের জরুরি চিকিৎসার জন্য চিকিৎসক নিয়োগ এবং সংশ্লিষ্ট ইউনিয়নের মন্দির/মন্ডপের পাশের কমিউনিটি ক্লিনিকগুলো সারাদিন খোলা রাখার নির্দেশনা প্রদান এবং মেডিক্যাল টিম গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, লালপুর, নাটোর। |
| ১৩. | যে কোন দুর্ঘটনা মোকাবেলায় ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্মীদের প্রস্তুত রাখার জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, লালপুর, নাটোর কে অনুরোধ জানানো হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, লালপুর, নাটোর। |
| ১৪. | পূজা মন্ডপ বা তৎসংলগ্ন এলাকায় কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে নিম্নেবর্ণিত মোবাইল ফোনে যোগাযোগের জন্য বলা হলো।<br>**উপজেলা নির্বাহী অফিসার ০১৭৬২-৬৯২১১১,**<br>**সহকারী কমিশনার (ভূমি) ০১৭৬২-৬৯২১১৮, অফিসার ইনচার্জ, লালপুর থানা-০১৩২০-১২৪৬৭৮, মেডিক্যাল অফিসার-০১৮১৮-৩০১২০২**<br>**ডিজিএম, পবিস-২, ০১৭৬৯-৪০২২১১,**<br>**এজিএম-পবিস-২, ০১৭৬৯-৪০০৬৮৭,**<br>**ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স-০১৭৩১-৫২৩২২৫**<br>এছাড়াও সভাপতি জরুরী প্রয়োজনে ৯৯৯ নম্বরে কল করার পরামর্শ দেন। বর্ণিত নম্বরসমূহ পূজা মন্ডপে দর্শনীয় স্থানে টাংগিয়ে রাখার জন্য সভাপতি/সম্পাদক, পূজা উদযাপন পরিষদ, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, লালপুর থানা, ডিজিএম পবিস-২, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মেডিক্যাল টীমের আহবায়ক, স্টেশন কমান্ডার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, লালপুর উপজেলা।<br>সভাপতি/সম্পাদক, পূজা উদযাপন পরিষদ, লালপুর, নাটোর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় আসন্ন শ্রী শ্রী কালী মাতা পূজা/২০২৩ উৎসব মুখর, সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ ভাবে পালিত হবে এ প্রত্যাশা ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯৪৪.০০০.২৩.০২০.২০-১০৪০ তারিখ: ২৪ কার্তিক ১৪৩০ / ০৯ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্তে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১. জনাব মোঃ শহিদুল ইসলাম বকুল, মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)
২. জেলা প্রশাসক, নাটোর।
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৬. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
৭. অফিসার ইনচার্জ, লালপুর থানা, নাটোর।
৮. সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, লালপুর উপজেলা শাখা, নাটোর।
৯. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),
১০. .....................................................................
.......................................................লালপুর, নাটোর।

৯/১১/২০২৩

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর
টেলিফোন-০২৫৮৮৮৭৫৪০১
মোবাইল-০১৭৬২-৬৯২১১১
unolalpur@mopa.gov.bd